ভোরের কাগজ

তারিখ MAR. 1 0 1999
পৃষ্ঠা ৬ কলাম ৬

123

# মাদ্রাসা শিক্ষা বন্ধের 'ষড়যন্ত্র' প্রতিহত করার আহ্বান জানিয়েছেন উলামা মাশায়েখরা

কাগজ প্রতিবেদক : দেশের উলামা-মাশায়েখরা তৃণমূল সংগঠনের নামে নারী-পুরুষ 'অবাধ মেলামেশা ও বেলেল্লাপনা' বন্ধ এবং মাদ্রাসা শিক্ষা বন্ধের 'ষড়যন্ত্র' প্রতিহত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন। মাদ্রাসা শিক্ষা বন্ধের কথিত ষড়যন্ত্রের প্রতিবাদে 'দ্বীনী মাদ্রাসা সংরক্ষণ পরিষদ'-এর উদ্যোগে সোমবার পল্টন ময়দানে এক জাতীয় সমাবেশে তারা এ দাবি জানান।

সমাবেশের ঘোষণায় এনজিওদের 'দেশদ্রোহী ও ইসলামবিরোধী সকল অপতৎপরতা' বন্ধ, স্বাধীনতার ভাস্কর্য স্থাপনের অন্তরালে সারাদেশে 'মূর্তি পূজার অপসংস্কৃতি' বিস্তারের অপতৎপরতা বন্ধ, তদন্ত ও তল্লাশির নামে মাদ্রাসায় পুলিশ ও গোয়েন্দা হয়রানি বন্ধ, গ্রেপ্তারকৃত মাদ্রাসা ছাত্র-শিক্ষকদের মুক্তি, কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়নের উদ্যোগ বন্ধ, কাদিয়ানীদের অমুসলিম ঘোষণা এবং আব্দুল আউয়ালকে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালকের পদ থেকে অপসারণের দাবি জানানো হয়।

এসব দাবিতে আগামী ৩১ জুলাইয়ের মধ্যে সকল জেলায় সমাবেশ ও প্রতিটি গ্রামে, মসজিদে কুরআনিয়া মক্তব কায়েমের কর্মসূচি ঘোষণা করা হয় সমাবেশে। ৩১ জুলাইয়ের মধ্যে দাবি মানা না হলে যুগপৎ কর্মসূচি ঘোষণার হুমকি দেওয়া হয়। সমাবেশের একটি মিছিল মহানগরীর বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।